

“নোটিশ”

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ২০১০-২০১১ ইং সালের জন্য গবেষণা কর্মে সহায়তা দানের জন্য সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কাছ থেকে গবেষণা প্রকল্প আহবান করছে। এই সকল গবেষণা প্রকল্প সামাজিক বিজ্ঞান, কলা ও মানবিক, ভৌত বিজ্ঞান, রাসায়নিক বিজ্ঞান, জীব বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, প্রকৌশল এবং কৃষি বিজ্ঞান বিষয়ক হতে হবে।

গবেষণা প্রকল্পগুলি কমিশনের নির্দিষ্ট প্রোফর্মা এবং নিয়মানুযায়ী হতে হবে। অসম্পূর্ণ প্রস্তাব বিবেচিত হবে না। এক বছর মেয়াদী প্রকল্পের জন্য প্রস্তাবিত বাজেট প্রকল্প পরিচালকের সম্মানী ও ১ জন গবেষণা সহকারী/ ল্যাব এ্যাটেনডেন্ট/ শ্রমিকের (প্রয়োজনে) মাসিক ভাতাসহ অনূর্ধ্ব ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। গবেষণা প্রকল্পের আবেদনপত্র, তথ্যাবলী ও অন্যান্য কাগজপত্র ইউজিসি ওয়েব সাইট (www.ugc.gov.bd) রেজিস্ট্রার অথবা সংশ্লিষ্ট ডীন অফিসে পাওয়া যাবে।

উপরোক্ত বিষয়ে প্রতিটি গবেষণা প্রকল্প ৫ কপি করে বিভাগীয় প্রধান/অনুষদের ডীন এর দ্বারা অনুস্বাক্ষরিত হওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রেজিস্ট্রারের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট এণ্ড পাবলিকেশন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাও, ঢাকা-১২০৭ ঠিকানায় আগামী ২০/০৮/২০১১ ইং তারিখের মধ্যে পৌঁছাতে হবে।